দৈনিক ইত্তেফাক

তারিখ 03 OCT 1995
পৃষ্ঠা ৮ কলাম ৩

30

# নূতন ৫টি মেডিক্যাল কলেজের সমস্যার সমাধান হয় নাই

ইত্তেফাক রিপোর্ট ॥ দেশের নূতন ৫টি সরকারী মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রীদের ক্লিনিক্যাল প্রশিক্ষণের জন্য অধ্যাপক নিয়োগ ও হাসপাতালের ব্যবস্থা এখনও হয় নাই। নূতন ৫টি

(শেষ: পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## নূতন ৫টি

(১ম পৃঃ পর)

মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রীদের ১টি করিয়া ব্যাচ তৃতীয় বর্ষে উত্তীর্ণ হওয়ার পর ৩ মাস অতিক্রান্ত হওয়ার পরও ক্লিনিক্যাল প্রশিক্ষণ শুরু হয় নাই। ফলে শিক্ষার্থীদের পেশাগত দক্ষতার ক্ষেত্রে পিছাইয়া পড়ার আশংকা দেখা দিয়াছে। এদিকে নূতন ৫টি মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রীরা বিভিন্ন দাবীতে আন্দোলন শুরু করিয়াছে। নূতন ৫টি মেডিক্যাল কলেজ ঐক্য পরিষদের দাবীসমূহ হইতেছে অবিলম্বে ২৫০ শয্যা আধুনিক হাসপাতাল স্থাপনসহ মেডিক্যাল কলেজ হাসপাতাল হিসাবে স্বীকৃতি এবং টিচিং হাসপাতাল হিসাবে ওয়ার্ড বিন্যাস করা, অবিলম্বে অধ্যাপকসহ সকল প্রকার টিচিং ষ্টাফ নিয়োগ, ছাত্র-ছাত্রী, শিক্ষকদের জন্য আবাসিকভবন নির্মাণ, প্রাতিষ্ঠানিক ভবন ও ল্যাবরেটরীজ সুবিধা বৃদ্ধি এবং যাতায়াতের জন্য বাস বরাদ্দকরণ। এইসব দাবী আগামী ১৭ই অক্টোবরের মধ্যে পূরণ না হইলে ছাত্র ছাত্রীরা বৃহত্তর কর্মসূচী দিবে।

এদিকে নূতন ৫টি সরকারী মেডিক্যাল কলেজে সরকারী সার্কুলার অনুযায়ী ৫ জন ভাইস প্রিন্সিপাল, ৬০ জন অধ্যাপক, ৯৫ জন সহযোগী অধ্যাপক, ৬০ জন সহকারী অধ্যাপক ও ১৫০ জন লেকচারার প্রয়োজন। সরকারী বিজ্ঞপ্তি অনুযায়ী সাড়া না পাওয়ায় স্বাস্থ্য মন্ত্রণালয় ভাইস প্রিন্সিপ্যাল হইতে শুরু করিয়া সহকারী অধ্যাপক পর্যন্ত পদগুলি ডেপুটেশনে নিয়োগের সিদ্ধান্ত নিয়াছে। এব্যাপারে স্বাস্থ্যমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ দ্রুত ডেপুটেশন প্রদানের নির্দেশ দেওয়া সত্ত্বেও প্রশাসনিক মন্থরতা পরিলক্ষিত হইতেছে। মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, ইতিমধ্যে কয়েকজন সিনিয়র ডাক্তারকে ডেপুটেশনে দেওয়ার আদেশ দেওয়া হইয়াছে। একটি সূত্র জানায়, নূতন ৫টি মেডিক্যাল কলেজে লেকচারার পদে ২২০ জন অধ্যাপক সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপক প্রয়োজন। এই ব্যাপক সংখ্যক সিনিয়র ডাক্তার একসঙ্গে ডেপুটেশনে দেওয়া সম্ভব নয়। পর্যায়ক্রমে নিয়োগ দেওয়া হইবে। সবচাইতে সমস্যা হইতেছে ক্লিনিক্যাল অধ্যাপকদের ক্ষেত্রে। তাহারা ঢাকা ও চট্টগ্রামের মত বিশাল শহর কেন্দ্রিক প্রাকটিসের সহিত সংশ্লিষ্ট। বরিশাল, সিলেট, রংপুর যাইতে চাহেন না। তাহারা দিনাজপুর, বগুড়া, ফরিদপুর, খুলনায় যাইতে কতটা আগ্রহী হইবেন। সূত্রটি জানায়, ইতিমধ্যেই চেষ্টা তদবির শুরু হইয়াছে, পুরাতন কর্মস্থল আঁকড়াইয়া থাকার পাশাপাশি তৎপরতা বাড়িয়াছেও অনেকের। কিন্তু নূতন ৫টি মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রীদের অবর্ণনীয় সমস্যার কথা বিবেচনা করিয়া সকল তৎপরতার বাইরে জরুরী ভিত্তিতে ডেপুটেশনের আদেশ বাস্তবায়নের উদ্যোগ প্রয়োজন।